রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

ঋণ ও অগ্রিম বিভাগ-২ পরিপত্র নং-০৪/২০২১ তারিখ ঃ ১১-১১-২০২১

বিষয় ঃ আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম।

বাংলাদেশ ব্যাংকের ১৪.০৫.২০১৪ তারিখের জিবিসিআরডি সার্কুলার নং-০১/২০১৪ মোতাবেক আর্থিক সেবাবঞ্চিত তৃণমূল জনগোষ্ঠিকে প্রাতিষ্ঠানিক আর্থিক সেবাভুক্তির আওতায় নিয়ে আসার লক্ষ্যে ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষকসহ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের আয় উৎসারী কর্মকান্ডকে বিস্তৃত করার জন্য এবং ১০.০০ (দশ) টাকার হিসাবগুলো সচল রাখার মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক কর্মকান্ডকে অধিকতর গতিশীল করার উদ্দেশ্যে তাদেরকে সহজতর শর্তে ঋণ প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক নিজস্ব উৎস থেকে ২০০ কোটি টাকার একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল (Revolving Refinance fund) গঠন করেছে। উল্লিখিত Revolving Refinance fund হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মধ্যে ১৪.১০.২০১৪ তারিখে একটি অংশগ্রহণ চুক্তিনামা (Participation Agreement) স্বাক্ষরিত হয়েছে। এই স্কীমের আওতায় ১০.০০ (দশ) টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের অনুকূলে ঋণ বিতরণ করার লক্ষ্যে গত ২০.১১.২০১৪ তারিখে এ বিভাগ হতে পরিপত্র- ০৪/২০১৪ জারী করা হয়।

কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে দেশে প্রান্তিক জনগোষ্ঠির আয়-উৎসারী কর্মকান্ড বাধাগ্রস্ত হচ্ছে। এছাড়া, বর্তমানে কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ (Second Wave) এর বিরূপ প্রভাবে অর্থনীতির পুনরুদ্ধার কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ প্রেক্ষিতে আর্থিক সেবাভুক্তি কার্যক্রমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুদ্ধার/অব্যাহত রাখা এবং ঋণের ব্যাপ্তি, ঋণসীমা ও তহবিলের পরিমাণ বৃদ্ধি ও ঋণের শর্তাবলী সহজীকরণের মাধ্যমে এ স্কিমের সময়োপযোগী কার্যকারিতা বৃদ্ধি আবশ্যক হওয়ায় বাংলাদেশ ব্যাংকের ০৫.০৯.২০২১ তারিখে এফআইডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে স্কিমটি পুনর্গঠন করা হয়। বাংলাদেশ ব্যাংকের আলোচ্য স্কীমের আলোকে এ ব্যাংকে ঋণ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত নীতিমালা জারী করা হলো :

০১। **কর্মসূচীর নাম ঃ**

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় তহবিলটি "১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম" নামে অভিহিত হবে।

০২। **কর্মসূচীর উদ্দেশ্যে ঃ**

কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে আর্থিক সেবাবঞ্চিত তৃণমূল জনগোষ্ঠিকে প্রাতিষ্ঠানিক আর্থিক সেবাভুক্তির আওতায় নিয়ে আসার লক্ষ্যে ১০/৫০/১০০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের আয় উৎসারী কর্মকান্ডকে বিস্তৃত করার জন্য এবং ১০/৫০/১০০ টাকার হিসাবগুলো সচল রাখার মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক কর্মকান্ডকে অধিকতর গতিশীল করার উদ্দেশ্যে তাদের অনুকূলে সহজতর শর্তে ঋণ বিতরণ করা।

০৩। **তহবিলের উৎস ও পরিমাণ ঃ**

বাংলাদেশ ব্যাংক নিজস্ব তহবিল; টাকা ৫০০ (পাঁচশত) কোটি যা নির্ধারিত মেয়াদের মধ্যে আবর্তনশীল।

০৪। **স্কিমের মেয়াদ ঃ**

এ স্কিমের মেয়াদ হবে ৫ (পাঁচ) বছর। তবে, প্রয়োজনে মেয়াদ বৃদ্ধি করা যাবে।

০৫। **কর্মসূচীর আওতাভুক্ত এলাকা ঃ**

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের আওতাভুক্ত সমগ্র এলাকায় (রাজশাহী ও রংপুর প্রশাসনিক বিভাগ) এ ঋণ কার্যক্রম পরিচালিত হবে।

০৬। **প্রান্তিক/ভূমিহীন কৃষক ঃ** এ নীতিমালার আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক বলতে বুঝাবে যে সব কৃষকের নিজ নামে সর্বোচ্চ ২.৪৭ একর বা তার কম পরিমাণ ভূমি রয়েছে।

০৭। **প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী ঃ** প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী বলতে বুঝাবে আর্থিক সেবা বঞ্চিত সমাজের নিম্ন আয়ের পেশাজীবী যারা এই নীতিমালার অন্তর্ভুক্ত স্কীমের আওতায় নিম্নে উল্লেখিত ৮(গ), ৮(ঘ), ৮(ঙ) এবং ৮(চ) নম্বর অনুচ্ছেদে বর্ণিত খাত ভিত্তিক ব্যবসায়িক কর্মকান্ডে নিয়োজিত রয়েছেন।

০৮। **স্কীমের পরিধি ঃ**

ক) এ স্কীমের আওতায় ঋণ সুবিধা গ্রহণের জন্য আবেদনকারীর আবশ্যিকভাবে ন্যুনতম ১০/৫০/১০০ টাকার হিসাব থাকতে হবে।

খ) কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে আর্থিক সেবাভুক্তি কার্যক্রমের আওতায় প্রান্তিক/ভুমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী ও ক্ষুদ্র ব্যবসায়ী এ ঋণ সুবিধার আওতায় আসবে।

গ) পাড়া/মহল্লা/গ্রাম ভিত্তিক ক্ষুদ্র/অতিক্ষুদ্র (Small/Micro) উদ্যোক্তা ও পেশাজীবী (যেমনঃ চর্মকার, স্বর্ণকার, ক্ষৌরকার, কামার, কুমার, জেলে, দর্জি, হকার/ফেরিওয়ালা, রিকশাচালক/ভ্যানচালক, ইলেক্ট্রিক/ইলেকট্রনিক যন্ত্র মেরামতকারী, ইলেক্ট্রিশিয়ান, কাঠমিস্ত্রি, রাজমিস্ত্রী, রংমিস্ত্রী, গ্রিলমিস্ত্রী, প্লাম্বার, আচার/পিঠা প্রস্তুতকারী, ক্ষুদ্র তাঁতী, পশু চিকিৎসক ইত্যাদি) এবং যে কোন ধরনের আয় উৎসারী কর্মকান্ডে জড়িত ব্যক্তি (যেমনঃ মুদি ও মনোহরী পণ্যের দোকানী, ভ্রাম্যমান কাপড়ের দোকানী, ফ্লেক্সিলোড সেবা প্রদানকারী/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এজেন্ট, তথ্য সেবা প্রদানকারী/ইন্টারনেট সেবা প্রদানকারী, ভাসমান খাবারের দোকানী, চা-পান বিক্রেতা, বই/পত্রিকা/ম্যাগাজিন বিক্রেতা, ঠোঙা/মোড়ক প্রস্তুতকারী, ফুল/ফল/শাক-সবজি বিক্রেতা, হাঁস/মুরগী/কবুতর/কোয়েল পালনকারী, গরু/ছাগল/ভেঁড়া ইত্যাদি গবাদিপশু পালনকারী, চিংড়ি/মৎস্য/কাঁকড়া/কুঁচে চাষী, কেঁচো সারসহ যে কোন জৈব সার উৎপাদনকারী, সবজি চাষী, উদ্যোক্তা-নার্সারি/বৃক্ষরোপণ, সূঁচিশিল্প, ব্লক-বাটিক, ক্ষুদ্র/কুটির শিল্প, হস্তশিল্প, কনফেকশনারিসহ অন্যান্য খাবার প্রস্তুতকরণ ও অন্য যে কোন সম্ভাবনাময় উদ্ভাবনী কর্মকান্ডে জড়িত ব্যক্তি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকান্ড পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ভিডিপি সদস্য) এ ঋণ সুবিধার আওতাভুক্ত হিসেবে বিবেচিত হবেন;

ঘ) যে কোন দুর্যোগে (প্রাকৃতিক ও মানবসৃষ্ট) ক্ষতিগ্রস্ত (যেমনঃ নদীভাঙ্গন, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, বন্যা, খরা, মঙ্গা, অগ্নিকান্ড, ভূমিকম্প, ভবনধ্বস, কোভিড-১৯ এর ন্যায় অতিমারী ইত্যাদি) প্রান্তিক/ভূমিহীন কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী, নিম্ন আয়ের পেশাজীবী, এবং চর ও হাওর এলাকায় বসবাসকারী স্বল্প আয়ের জনগোষ্ঠি অগ্রাধিকার ভিত্তিতে এ ঋণ সুবিধা পাবে।

ঙ) বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি ও মহিলা উদ্যোক্তাগণ যে কোন ধরনের আয় উৎসারী কর্মকান্ডে অগ্রাধিকার ভিত্তিতে এ ঋণ সুবিধা পাবে ।

চ) স্কুল ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির পাশাপাশি মানব সম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে-

i) সুবিধাবঞ্চিত ও অসচ্ছল স্কুল ব্যাংকিং হিসাবধারীদের (শিক্ষা জীবন থেকে ঝরে পড়া শিক্ষার্থীসহ) বৃত্তিমূলক/কারিগরী/তথ্য প্রযুক্তিসহ অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে ব্যাংকসমূহ উক্ত স্কিমের আওতায় অবিভাবকের পরিশোধ গ্যারান্টির ভিত্তিতে ঋণ সুবিধা প্রদান করতে পারবে;

ii) ১৮ বছর অতিক্রান্ত হওয়ার পর স্কুল ব্যাংকিং হিসাবধারীদের আয়-উৎসারী কর্মকান্ডে এবং প্রশিক্ষণলব্ধ দক্ষতা ভিত্তিক পেশা ও ব্যবসা পরিচালনার জন্য উক্ত স্কিমের আওতায় ব্যাংকসমূহ ঋণ বিতরণ করতে পারবে এবং

iii) স্কুল ব্যাংকিং হিসাব ছিল এমন শিক্ষার্থীদের উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য অভিভাবকের পরিশোধ গ্যারান্টির ভিত্তিতে উক্ত স্কিমের আওতায় ব্যাংকসমূহ ঋণ বিতরণ করতে পারবে।

০৯। **ঋণ প্রাপ্তির অযোগ্যতা ঃ**

ক) খেলাপী ঋণগ্রহীতা এ স্কিমের আওতায় ঋণসুবিধা প্রাপ্য হবেন না এবং

খ) বাংলাদেশ সরকার/বাংলাদেশ ব্যাংকের সুদ ভর্তুকীর আওতায় অন্য কোন স্কিমের অধীন ঋণগ্রহীতার প্রাপ্ত ঋণ অসমন্বিত অবস্থায় থাকলে ঐ ঋণগ্রহীতা ঋণ সুবিধা প্রাপ্য হবেন না।

১০। **নতুন গ্রাহকের হিসাব খোলা ঃ**

এ স্কীমের আওতায় ঋণ সুবিধা গ্রহণকারী সকল গ্রাহকই হবে বিদ্যমান ১০/৫০/১০০ টাকা হিসাবধারী। নতুন গ্রাহকদের আবশ্যিকভাবে ন্যূনতম ১০/৫০/১০০ টাকা জমা প্রদানপূর্বক সংশ্লিষ্ট শাখায় ব্যাংক হিসাব খুলতে হবে।

১১। **প্রকৃত ঋণ গ্রহীতা সনাক্তকরণ ঃ**

ব্যাংকের সংশ্লিষ্ট শাখা ঋণ আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ এবং পৌরসভার মেয়র/কমিশনার অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্য অথবা স্থানীয় স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত পেশার প্রত্যয়নপত্র অথবা ব্যাংকের কাছে গ্রহণযোগ্য ব্যক্তির প্রত্যয়নপত্র/ ভিডিপি সনদপত্র এর ভিত্তিতে প্রকৃত ঋণ গ্রহীতা সনাক্ত করবে।

১২। **জামানত/নিশ্চয়তা ঃ**

ক) এ স্কিমের আওতায় ঋণ প্রদানের ক্ষেত্রে কোন নিরাপত্তা জামানত নেয়া যাবে না। তবে, প্রত্যেক ঋণ গ্রহীতার ঋণের বিপরীতে স্থানীয় পর্যায়ে দুইজন প্রাপ্তবয়স্ক বাংলাদেশী নাগরিকের নিকট হতে ব্যক্তিগত নিশ্চয়তা (Personal Guarantee) গ্রহণ করতে হবে। অর্থাৎ ঋণ বিতরণকারী সংশ্লিষ্ট শাখা কর্তৃক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী আর্থিকভাবে স্বচ্ছল, সুনামের অধিকারী এবং গ্রহণযোগ্য অনধিক দুইজন ব্যক্তির নিকট হতে ব্যক্তিগত নিশ্চয়তা (Personal Guarantee) গ্রহণ করতে হবে।

খ) ৩ (তিন) লক্ষ টাকা ও তদুর্ধ্ব পরিমাণ ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে ব্যাংক নিজস্ব বিবেচনায় সম্পূর্ণ ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি স্কিমের সুবিধা গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে ব্যাংক নিজস্ব উৎস হতে গ্যারান্টি ফি পরিশোধ করবে।

১৩। **গ্রাহক পর্যায়ে ঋণ সীমা ঃ**

ক) **একক ঋণসীমা ঃ** এই তহবিলের আওতায় একক গ্রাহককে সর্বোচ্চ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে।

খ) **সমন্বিত অর্থায়ন ঃ** এই স্কীমের আওতায় কোন একটি আয় উৎসারী কর্মকান্ড বা প্রকল্পে সমন্বিত অর্থায়নের মাধ্যমে নিম্নোক্ত শর্তাধীনে ঋণ সুবিধা প্রদান করা যাবে:

i) একটি (Single) আয় উৎসারী কর্মকান্ড বা প্রকল্পে অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ (Group of persons) এর সমন্বয়ে গঠিত গ্রুপ ভিত্তিক অর্থায়ন করা যাবে।

ii) গ্রুপ ঋণের ক্ষেত্রে ২-৫ সদস্যের সমন্বয়ে গঠিত গ্রুপকে ঋণ প্রদান করতে পারবে এবং

iii) গ্রুপ অর্থায়নের ক্ষেত্রে মাথাপিছু সর্বোচ্চ ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা ঋণ সুবিধা প্রদান করা যাবে।

iv) গ্রুপ ঋণ পরিশোধের ক্ষেত্রে গ্রুপের সকল সদস্যই একক ও যৌথভাবে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে।

১৪। **পুনঃঅর্থায়নের সুদের হার ঃ** বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়নকৃত ঋণের সুদের হার ১% হবে।

১৫। **পুনঃঅর্থায়নকৃত ঋণ পরিশোধের সময়কাল ঃ**

ক) ব্যাংক পর্যায়ে গ্রেস পিরিয়ড হবে সর্বোচ্চ ৬ মাস। গ্রেস পিরিয়ড ব্যতিরেকে ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ৩ বছর;

খ) বাংলাদেশ ব্যাংক গ্রেস পিরিয়ড বাদে ত্রৈমাসিক কিস্তিতে ব্যাংক হতে সুদ/মুনাফা/সার্ভিস চার্জসহ আসল আদায় করবে ;

১৬। **গ্রাহক পর্যায়ে ঋণের সুদ হার ঃ**

ক) ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক সর্বোচ্চ ৭%;

খ) গ্রাহকের ঋণ/বিনিয়োগের ক্রমহ্রাসমান স্থিতির উপর সুদ/মুনাফা আরোপ করতে হবে।

১৭। **গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন ঃ**

ক) গ্রাহক পর্যায়ে গ্রেস পিরিয়ড হবে সর্বোচ্চ ৬ মাস। গ্রেস পিরিয়ড ব্যতিরেকে ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ৩ বছর। ব্যাংক গ্রেস পিরিয়ড বাদে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক (প্রযোজ্য ক্ষেত্রে) কিস্তিতে গ্রাহকের নিকট হতে সুদ/মুনাফাসহ আসল আদায় করবে।

খ) সকল ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে ক্রমহ্রাসমান স্থিতির ভিত্তিতে (Reducing Balance Method) সুদ হিসাবায়ন করতে হবে।

গ) সুদ হিসাবায়নের সময় কোন ধরণের লুকায়িত খরচ হিসাবায়ন করা যাবে না।

ঘ) এ তহবিলের আওতায় গ্রাহকের বিতরণকৃত ঋণের বিপরীতে গ্রাহকের নিকট হতে কোন ধরণের সার্ভিস চার্জ আদায় করা যাবে না।

ঙ) প্রদত্ত ঋণ ত্রৈমাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে।

১৮। **পুনঃঅর্থায়ন দাবী ঃ**

ক) ব্যাংক মাসিক ভিত্তিতে এ স্কিমের আওতায় বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতি মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের পুনঃঅর্থায়নের আবেদন করবে এবং

খ) পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে সুদ/মুনাফাসহ পুনঃঅর্থায়নের পরিশোধযোগ্য কিস্তি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব থেকে আদায় করা হবে।

১৯। **সিআইবি রিপোর্ট ঃ**

খেলাপী ঋণ গ্রহীতার অনুকূলে ঋণ প্রদান না করার বিষয়টি নিশ্চিত করতে সিআইবি রিপোর্ট গ্রহণ করতে হবে। তবে, এ স্কিমের আওতায় ৩ (তিন) লক্ষ টাকা পর্যন্ত ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে সিআইবি রিপোর্ট গ্রহণের জন্য কোন চার্জ/ফি প্রযোজ্য হবে না। তবে, প্রধান কার্যালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত হালনাগাদ সার্কুলার/পরিপত্রের ভিত্তিতে প্রযোজ্য ফি গ্রহণ করতে হবে।

২০। **ঋণ বিতরণ ব্যবস্থা ঃ**

উক্ত স্কিমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংক তার নিজস্ব শাখা/উপশাখা/এজেন্ট ব্যাংকিং/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) ব্যবস্থা ব্যবহার করতে পারবে। এক্ষেত্রে, ব্যাংকের এজেন্ট/এমএফএস ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে স্ব স্ব ব্যাংক পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত সার্ভিস চার্জ প্রাপ্য হবেন। তবে, কোন ক্ষেত্রেই ঋণ/বিনিয়োগের প্রসেসিং ফি বাবদ ১০ জুন ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১১ এর ৩(খ)(১) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনার অতিরিক্ত কোন চার্জ/ফি গ্রাহকের নিকট হতে আদায় করা যাবে না।

২১। **মনিটরিং ঃ**

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কর্তৃক সরাসরি ঋণ/বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে বিতরণ, আদায় ও সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করবে এবং এতদ্সংযুক্ত সংযোজনী-(ঞ) মোতাবেক প্রতি ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর বিবরণী দাখিল করতে হবে। এছাড়া, ক্ষেত্রবিশেষে দৈবচয়ন ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক যেকোন সময়ে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে পারেন।

২২। **পুনঃঅর্থায়ন গ্রহণের যোগ্যতা ও আবেদন প্রক্রিয়া ঃ**

(ক) আলোচ্য স্কীমের আওতায় রাকাব ও বাংলাদেশ ব্যাংক এর মধ্যে গত ১৪-১০-২০১৪ তারিখে সম্পাদিত অংশগ্রহণ চুক্তির (Participation Agreement) শর্তানুযায়ী রাকাব কর্তৃক বাংলাদেশ ব্যাংকের অনুকূলে আলাদাভাবে ডিপি নোট (প্রতিশ্রুতি পত্র) সম্পাদন করতে হবে।

(খ) রাকাব মাসিক ভিত্তিতে এ স্কীমের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের নিকট নির্ধারিত ছকে পুনঃঅর্থায়নের জন্য আবেদন করবে। সেক্ষেত্রে প্রতি মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের পুনঃঅর্থায়নের আবেদন বাংলাদেশ ব্যাংকের নিকট দাখিল করতে হবে।

২৩। **পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থ পরিশোধ ঃ**

পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে সুদসহ পুনঃঅর্থায়িত অর্থের পরিশোধযোগ্য কিস্তি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত রাকাব-এর সংশ্লিষ্ট চলতি হিসাব থেকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আদায়/কর্তন করে নেয়া হবে।

২৪। **ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংক শাখার জন্য আবশ্যিকভাবে পালনীয় ঃ**

২৪.০১ **প্রকল্পের আওতায় ব্যাংক শাখা কর্তৃক অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ (Group of persons) এর সমন্বয়ে গ্রুপ গঠন ঃ** একই গ্রাম/এলাকায় বসবাসকারী ১০/৫০/১০০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষকসহ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের গ্রুপ গঠন করতে হবে। গ্রুপ গঠনের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো বিবেচনা করতে হবে ঃ

(ক) গ্রুপের সদস্য সংখ্যা হবে সর্বনিম্ন ২(দুই) জন এবং সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন;

(খ) একই গ্রাম/এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;

(গ) গ্রুপ সদস্যদের অবশ্যই ৮(গ), ৮(ঘ), ৮(ঙ) এবং ৮(চ) নম্বর অনুচ্ছেদে বর্ণিত খাতভিত্তিক পেশাসমূহের যে কোন একটিতে সম্পৃক্ত থাকতে হবে;

(ঘ) ইতোপূর্বে বাংলাদেশ ব্যাংকের যে কোন পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ সুবিধা গ্রহণকারী/ সরকারের সুদ ক্ষতিপূরণ সুবিধার আওতায় রেয়াতি সুদে ঋণ সুবিধা গ্রহণকারী/ সরকারী প্রকল্পসমূহের আওতায় ভর্তুকী/রেয়াতি সুদে যে কোন ব্যাংক হতে ঋণ সুবিধা গ্রহণকারী এবং রাকাব বা অন্য কোন ব্যাংক অথবা কোন আর্থিক প্রতিষ্ঠানে খেলাপী ঋণগ্রহীতাদের গ্রুপভুক্ত করা যাবে না ;

(ঙ) গ্রুপ গঠন ও গ্রুপের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে রাকাব, ঋণ ও অগ্রিম বিভাগ-২ কর্তৃক গত ০৯.০৯.২০০৯ তারিখে ভূমিহীন ও বর্গাচাষীদের অনুকূলে দল ভিত্তিক জামানতবিহীন ঋণ নীতিমালা বিষয়ক ৩/২০০৯ নম্বর এবং ১৮.১০.২০০৯ তারিখে জারীকৃত ০৫/২০০৯ নম্বর পরিপত্রের নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে এবং

(চ) কোন সদস্য যাতে কোনরূপ তথ্য গোপন করে গ্রুপভূক্ত হতে না পারে, সে বিষয়ে সতর্ক থাকতে হবে।

২৪.০২ ঋণ প্রাপ্তির ক্ষেত্রে গ্রুপ সদস্যদের যোগ্যতা ঃ

(ক) প্রতিটি সদস্যকে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার একজন ১০/৫০/১০০ টাকার হিসাবধারী হতে হবে ;

(খ) ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক/অনুমোদিত খাত ভিত্তিক প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী হতে হবে;

(গ) বর্গাচাষীদের ক্ষেত্রে জমির মালিকের কাছ থেকে বর্গা গ্রহণ বিষয়ে প্রত্যয়নপত্র/এলাকার দায়িত্বশীল ও গণ্যমান্য ব্যক্তির কাছ থেকে বর্গাচাষীর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(ঘ) জাতীয় পরিচয়পত্র থাকতে হবে এবং

(ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র দাখিল করতে হবে।

২৪.০৩ ঋণ আবেদন ও প্রক্রিয়াকরণ/মূল্যায়ন ফি ঃ

এ কর্মসূচীর আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ আবেদন বাবদ কোন ফি গ্রহণ করা হবে না। তবে, প্রধান কার্যালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত হালনাগাদ সার্কুলার/পরিপত্রের ভিত্তিতে প্রক্রিয়াকরণ/মূল্যায়ন বাবদ প্রযোজ্য ফি গ্রহণ করতে হবে।

২৪.০৪ কৃষি ঋণ আবেদনপত্রের ক্ষেত্রে দাখিলতব্য কাগজপত্র (একক ক্ষেত্রে) ঃ

(ক) নির্ধারিত ফরমে আবেদন পত্র;

(খ) জাতীয় পরিচয়পত্র;

(গ) জন্ম নিবন্ধন সনদপত্র

(ঘ) তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (দুই কপি আবেদনপত্রের সাথে থাকবে এবং এক কপি পাশ বইয়ে লাগাতে হবে) ;

(ঙ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত কৃষক আইডি কার্ড (যদি থাকে) ;

(চ) শস্য উৎপাদন পরিকল্পনা ;

(ছ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেয়র/কমিশনার প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র;

(জ) এই ঋণ জামানতবিহীন। তবে এক্ষেত্রে জমির মালিকানা, দখলীস্বত্ত্ব, হালনাগাদ খাজনা পরিশোধ ইত্যাদি বিষয়ে নিশ্চিত হয়ে চাষযোগ্য জমির তফশীল ঋণ আবেদন ফরমে সুস্পষ্টভাবে লিখতে হবে।

(ঝ) বর্গাচাষীর ক্ষেত্রে অতিরিক্ত নিম্নোক্ত কাগজপত্র নিতে হবে ঃ

(১) বর্গাকৃত জমির মালিকের নিকট হতে নির্দিষ্ট মেয়াদে বর্গাচাষীকে বর্গা প্রদান বিষয়ে প্রত্যয়নপত্র (বর্গা প্রদানকারীর স্বাক্ষর মাঠকর্মী কর্তৃক সত্যায়িত করতে হবে)।

(২) বর্গা প্রদানকারীর নিকট থেকে প্রত্যয়নপত্র সংগ্রহ করা সম্ভব না হলে সংশ্লিষ্ট এলাকার দায়িত্বশীল ও গণ্যমান্য ব্যক্তির কাছ থেকে বর্গাচাষীর প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে।

২৪.০৫ কৃষি ঋণ প্রদানে সম্পাদিত দলিলপত্র (Documentation) (একক ক্ষেত্রে) ঃ

ঋণ বিতরণের পূর্বেই নিম্নোক্ত দলিলাদি সম্পাদন করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত হারে ষ্ট্যাম্প লাগাতে হবে ঃ

(ক) শস্য বন্ধকী দলিল;

(খ) ডিপি নোট (গ্রুপ ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার নিকট থেকে ডিপি নোট গ্রহণ ছাড়াও সকল গ্রুপ সদস্যের স্বাক্ষরে অপর একটি ডিপি নোট গ্রহণ করতে হবে);

(গ) হলফ নামা;

(ঘ) ব্যক্তিগত গ্যারান্টি (সংশ্লিষ্ট এলাকায় স্থায়ীভাবে বসবাসরত স্কুল/কলেজ/মাদ্রাসার শিক্ষক, ডাক্তার, অবসরপ্রাপ্ত সরকারী/আধাসরকারী/স্বায়ত্ব শাসিত সংস্থার কর্মকর্তা এবং সমাজের সম্মানিত গণ্যমান্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত);

(ঙ) ঋণ পরিশোধের শর্তাবলী পরিপালনে বাধ্য থাকার বিষয়ে ঋণগ্রহীতার অঙ্গীকারপত্র;

(চ) মাসিক কিস্তিতে ঋণের কিস্তি পরিশোধের অঙ্গীকারপত্র;

(ছ) অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/এনজিও থেকে ঋণ গ্রহণ করে নাই/খেলাপী নহে এমন ঘোষণাপত্র এবং

(জ) ইতোপূর্বে বাংলাদেশ ব্যাংকের যে কোন পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ সুবিধা গ্রহণ করে নাই, সরকারের সুদ ক্ষতিপূরণ সুবিধার আওতায় রেয়াতি সুদে ঋণ সুবিধা গ্রহণ করে নাই, সরকারী প্রকল্পসমূহের আওতায় ভর্তুকী/রেয়াতি সুদে যে কোন ব্যাংক হতে ঋণ সুবিধা গ্রহণ করে নাই এবং খেলাপী ঋণগ্রহীতা নহে এমন বিষয়ে ঋণগ্রহীতার ঘোষণা।

২৪.০৬ কৃষিজাত পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ কাজে নিয়োজিত, পাড়া/মহল্লা/গ্রাম ভিত্তিক ক্ষুদ্র (Small), অতিক্ষুদ্র (Micro), উদ্যোক্তা ও পেশাজীবী কর্তৃক ঋণ গ্রহণের জন্য আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্র (একক ক্ষেত্রে) ঃ

(ক) নির্ধারিত ফরমে আবেদন পত্র;

(খ) জাতীয় পরিচয়পত্র;

(গ) তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (দুই কপি আবেদনপত্রের সাথে থাকবে এবং এক কপি পাশ বইয়ে লাগাতে হবে);

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেয়র/কমিশনার প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র;

(ঙ) চেয়ারম্যান/মেয়র/ কমিশনার কর্তৃক ব্যবসা প্রতিষ্ঠানের অবস্থানের প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ;

(চ) দোকানের স্কেচ ম্যাপ;

(ছ) দোকান ভাড়া হলে চুক্তি পত্র;

(জ) ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঝ) সংশ্লিষ্ট ব্যবসায়ীদের কোন সমিতি (ইউনিয়ন) থাকলে উল্লিখিত সমিতির সদস্য হিসেবে সনদপত্র;

(ঞ) ভিডিপি সদস্যের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট থেকে এনওসি এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র এবং

(ট) দুর্যোগের ক্ষেত্রে ক্ষতিগ্রস্থদের স্থানীয় প্রশাসন হতে প্রত্যয়নপত্র।

২৪.০৭ কৃষিজাত পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ কাজে নিয়োজিত, পাড়া/মহল্লা/গ্রাম ভিত্তিক ক্ষুদ(Small), অতিক্ষুদ্র (Micro), উদ্যোক্তা ও পেশাজীবী কর্তৃক ঋণ প্রদানের জন্য দলিলাদি সম্পাদন (Documantation) (একক ক্ষেত্রে) ঃ

(ক) ডিপি নোট (গ্রুপ ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার নিকট থেকে ডিপি নোট গ্রহণ ছাড়াও সকল গ্রুপ সদস্যের স্বাক্ষরে অপর একটি ডিপি নোট গ্রহণ করতে হবে);

(খ) হলফ নামা;

(গ) ব্যক্তিগত গ্যারান্টি [সংশ্লিষ্ট এলাকায় স্থায়ীভাবে বসবাসরত স্কুল/কলেজ/মাদ্রাসার শিক্ষক, ডাক্তার, অবসরপ্রাপ্ত সরকারী/আধাসরকারী/স্বায়ত্ব শাসিত সংস্থার কর্মকর্তা এবং সমাজের সম্মানিত গণ্যমান্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত] (সংযোজনী-'জ' মোতাবেক);

(ঘ) ঋণ পরিশোধের শর্তাবলী পরিপালনে বাধ্য থাকার বিষয়ে ঋণগ্রহীতার অঙ্গীকারপত্র;

(ঙ) মাসিক কিস্তিতে ঋণের কিস্তি পরিশোধের অঙ্গীকারপত্র;

(চ) অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/এনজিও থেকে ঋণ গ্রহণ করে নাই/খেলাপী নহে এমন ঘোষণাপত্র;

(ছ) ঋণের অর্থে সৃষ্ট মালামাল বন্ধকী হিসেবে গ্রহণের জন্য এলএফ-৫৫ সম্পাদন;

(জ) মৎস্য ঋণের ক্ষেত্রে এল এফ-২৩ সম্পাদন;

(ঝ) বীমাকরণ অথবা বীমার দায়-দায়িত্ব ঋণ গ্রহীতা কর্তৃক বহনের প্রত্যয়নপত্র;

(ঞ) ইতোপূর্বে বাংলাদেশ ব্যাংকের যে কোন পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ সুবিধা গ্রহণ করে নাই, সরকারের সুদ ক্ষতিপূরণ সুবিধার আওতায় রেয়াতি সুদে ঋণ সুবিধা গ্রহণ করে নাই, সরকারী প্রকল্পসমূহের আওতায় ভর্তুকী/ রেয়াতি সুদে যে কোন ব্যাংক হতে ঋণ সুবিধা গ্রহণ করে নাই এবং খেলাপী ঋণগ্রহীতা নহে এমন বিষয়ে ঋণগ্রহীতার ঘোষণা।

২৪.০৮ গ্রুপ ঋণের ক্ষেত্রে পরিপত্রের বর্ণিত বিভিন্ন শর্তাদি ছাড়াও নিম্নোক্ত শর্তসমূহ পরিপালন ও দলিলাদি সম্পাদন করতে হবে ঃ

(ক) গ্রুপ সদস্যদের প্রত্যেককে পৃথকভাবে আবেদন করতে হবে;

(খ) ঋণ গ্রহণের বিষয়ে গ্রুপ সভায় গৃহীত সিদ্ধান্তের কপি;

(গ) গ্রুপ নেতার সুপারিশপত্র;

(ঘ) গ্রুপ নেতার ব্যক্তিগত গ্যারান্টিপত্র {Personal Guarantee}[গ্রুপ নেতার ঋণের ক্ষেত্রে গ্রুপের কোষাধ্যক্ষ Personal Guarantee প্রদান করবেন] (সংযোজনী-'চ' মোতাবেক);

(ঙ) গ্রুপের প্রতিটি সদস্যের সম্মিলিত গ্যারান্টিপত্র [Group Guarantee] (সংযোজনী-'ছ' মোতাবেক) এবং

(চ) পরিপত্রের ১২(ক) অনুচ্ছেদে বর্ণিত ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ব্যক্তির নিকট থেকে ব্যক্তিগত গ্যারান্টিপত্র [Personal Guarantee] গ্রহণ করতে হবে (সংযোজনী-'জ' মোতাবেক)।

(ছ) গ্রুপ ঋণের ক্ষেত্রে ঋণের সকল সদস্যকে একক ও যৌথভাবে ব্যাংকের নিকট/ক্ষুদ্র ঋণ সংস্থার নিকট দায়বদ্ধ থাকার প্রত্যয়নপত্র।

২৫। হিসাব রক্ষণ পদ্ধতি ঃ

এ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের হিসাব লোন হেড-১০১ (১৬) {CBS Code 524} এর মাধ্যমে পরিচালিত হবে।

২৬। **ঋণ লেজার/রেজিষ্টার/তথ্য সংরক্ষণ ঃ**

(ক) এ কর্মসূচীর আওতায় গ্রুপ ভিত্তিক বিতরণকৃত ঋণের হিসাব সংরক্ষণের জন্য পৃথক লেজার সংরক্ষণ করতে হবে। ঋণ বিতরণকালে লেজারের একই পাতায় গ্রুপের প্রতিটি সদস্যের নামে বিতরণকৃত ঋণের পরিমাণ পৃথকভাবে পর পর এন্ট্রি দিতে হবে। সংশ্লিষ্ট গ্রুপের মোট ঋণের পরিমাণ হবে গ্রুপের সদস্যদের মোট ডেবিট ব্যালেন্সের সমষ্টি। লোন লেজারে গ্রুপ সদস্যদের মোবাইল নম্বর লিপিবদ্ধ করতে হবে। ঋণ লেজার ছাড়াও প্রতিটি গ্রুপের নামে একটি পৃথক রেজিষ্টার খুলতে হবে (সংযোজনী-'ঝ' মোতাবেক)। উক্ত রেজিষ্টারে গ্রুপের প্রতিটি সদস্যের ঋণ হিসাব পৃথকভাবে লিপিবদ্ধ করতে হবে। অনুরূপ একটি রেজিষ্টার গ্রুপ কর্তৃক সংরক্ষণ করতে হবে। এছাড়া সকল সদস্যের জন্য এবং গ্রুপের জন্য পাশবই ইস্যু করতে হবে।

(খ) এ কর্মসূচীর আওতায় একক বিতরণকৃত ঋণের হিসাব সংরক্ষণের জন্য পৃথক লেজার সংরক্ষণ করতে হবে। লোন লেজারে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মোবাইল নম্বর লিপিবদ্ধ করতে হবে। প্রত্যেক ঋণগ্রহীতার অনুকূলে পাশবই ইস্যু করতে হবে।

২৭। **ঋণ আদায় পদ্ধতি ঃ**

গ্রাহক পর্যায়ে গ্রেস পিরিয়ড হবে সর্বোচ্চ ৬ মাস। গ্রেস পিরিয়ড ব্যতিরেকে ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ৩ বছর; ব্যাংকসমূহ গ্রেস পিরিয়ড বাদে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক (প্রযোজ্য ক্ষেত্রে) কিস্তিতে গ্রহকের নিকট হতে সুদ/মুনাফাসহ আসল আদায় করবে।

২৮। **পুনঃঅর্থায়ন সুবিধা বাতিল ঃ**

নির্ধারিত সময়সীমার মধ্যে কোন একক ঋণগ্রহীতা ঋণের অর্থ পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার পুনঃঅর্থায়ন সুবিধা বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে উক্ত গ্রাহকের অনাদায়ী অর্থের উপর ব্যাংকরে প্রচলিত সুদহার প্রযোজ্য হবে। তবে এই সার্কুলারের আওতায় প্রদত্ত ঋণের সুদহার যদি প্রচলিত সুদহারের চেয়ে বেশী হয় তবে যা বেশী তাহাই কার্যকরী হবে। তবে খেলাপী গ্রাহকের নিকট হতে কোন ক্রমেই বিতরণকৃত ঋণের দ্বিগুনের বেশি অর্থ আদায়যোগ্য হবে না। গ্রুপ ঋণের ক্ষেত্রে শর্তটি সামগ্রিক আদায়ের আলোকে প্রযোজ্য হবে।

২৯। **মেয়াদোত্তীর্ণ ঋণ ও পুনরায় ঋণ প্রদান ঃ**

শস্য ও ক্ষুদ্র ঋণের ক্ষেত্রে প্রযোজ্য মেয়াদোত্তীর্ণের সময়সীমা এই ক্ষেত্রে প্রযোজ্য হবে। নিয়মিতভাবে ঋণ পরিশোধকারী গ্রাহক/গ্রাহকদের সম্পূর্ণ ঋণ সুদসহ পরিশোধ সাপেক্ষে একক/গ্রুপ ভিত্তিতে পুনরায় ঋণ প্রদান করা যাবে। তবে, গ্রুপ পর্যায়ে পুনরায় ঋণ প্রদানের ক্ষেত্রে একটি গ্রুপের সকল সদস্যের পূর্বে গৃহীত ঋণ নিয়মিত থাকতে হবে।

৩০। **ঋণ মঞ্জুরীর ক্ষমতা ঃ**

সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকগণ সর্বোচ্চ ০১ (এক) লক্ষ টাকা এ খাতে ঋণ মঞ্জুর করবেন। জোনাল ব্যবস্থাপকগণ ০১ (এক) লক্ষ টাকার অধিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত এ খাতে ঋণ মঞ্জুর করতে পারবেন।

৩১। **ঋণের পরিমাণ নির্ধারণ ঃ** গ্রাহক প্রতি সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা ঋণ মঞ্জুরের বিধান থাকলেও প্রকৃত চাহিদার আলোকে তা নির্ধারণ করতে হবে।

৩২। **বিতরণ পদ্ধতি ঃ** ব্যবসার ধরণ বুঝে একাধিক কিস্তিতে ঋণ বিতরণ করতে হবে। পূর্বে প্রদত্ত ঋণের সদ্ব্যবহার যাচাই সাপেক্ষে পরবর্তী কিস্তি প্রদান করতে হবে। গ্রুপ ঋণের ক্ষেত্রেও গ্রুপের প্রত্যেক সদস্যের নামে পৃথক ভাউচারের মাধ্যমে ঋণ বিতরণ করতে হবে।

৩৩। **বাজেট বরাদ্দ ঃ** শস্য খাতে প্রদত্ত ঋণ শাখার শস্য খাতের বরাদ্দ হতে এবং ক্ষুদ্র (Small) অতিক্ষুদ্র (Micro) উদ্যোক্তা ও পেশাজীবিদের ঋণ শাখার দারিদ্র বিমোচন অন্যান্য খাতের বরাদ্দ থেকে ঋণ বিতরণ করতে হবে।

৩৪। **দাখিলীতব্য বিবরণী ঃ**

(ক) পুনঃঅর্থায়নের জন্য ব্যাংক কর্তৃক সরাসরি বিতরণকৃত ঋণের বিবরণী প্রতি মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের পুনঃঅর্থায়নের আবেদন বাংলাদেশ ব্যাংকের নিকট প্রেরণ করতে হবে। এ লক্ষ্যে গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ নিশ্চিতকরণ সাপেক্ষে সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রতি মাসে বিতরণকৃত ঋণের মাসিক বিবরণী (সংযোজনী 'খ' মোতাবেক) এবং পুনঃঅর্থায়নের আবেদন পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে জোনাল কার্যালয়ে প্রেরণ করতে হবে। জোনাল কার্যালয়সমূহ শাখা হতে প্রাপ্ত আবেদন ও বিবরণী একীভূত করে যাচাইপূর্বক ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এ প্রেরণ করবে। এছাড়া ব্যাংক- এমএফআই লিংকেজের মাধ্যমে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট এনজিওসমূহ প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের বিতরণকৃত ঋণের বিবরণী (সংযোজনী 'গ' মোতাবেক) রাকাব, প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এ প্রেরণ করবে। জোনাল কার্যালয়/এনজিওদের নিকট হতে প্রাপ্ত বিবরণীর ভিত্তিতে প্রধান কার্যালয় কর্তৃক উক্ত মাসের ১৫(পনের) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের পুনঃঅর্থায়নের আবেদন বাংলাদেশ ব্যাংকের নিকট প্রেরণ করতে হবে।

(খ) সংশ্লিষ্ট শাখা কর্তৃক এতদ্‌সংযুক্ত সংযোজনী-(ঞ) মোতাবেক প্রতিবেদন প্রতি ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে জোনাল কার্যালয়ে প্রেরণ করতে হবে। জোনাল কার্যালয়সমূহ শাখা হতে প্রাপ্ত প্রতিবেদন একীভূত করে যাচাইপূর্বক ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এ প্রেরণ করবে।

(গ) শাখা কর্তৃক সমুদয় ঋণ (সুদসহ) আদায়ের পর ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের নিকট ভর্তুকি দাবীর জন্য (সংযোজনী 'ঘ' মোতাবেক) জোনাল কার্যালয়ের মাধ্যমে এতদসংক্রান্ত বিবরণী সংশ্লিষ্ট ত্রৈমাসের পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবে হবে। একইভাবে বর্ণিত সংযোজনী মোতাবেক বিবরণী এনজিওসমূহ রাকাব, প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। জোনাল কার্যালয়সমূহ/এনজিওদের নিকট হতে প্রাপ্ত ভর্তুকি দাবীর বিবরণী উক্ত মাসের ১৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয় কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

(ঘ) নির্ধারিত সময়সীমার মধ্যে ঋণ পরিশোধে ব্যর্থ গ্রাহকদের শাখা ভিত্তিক তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট ত্রৈমাসের পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে (সংযোজনী 'ঙ' মোতাবেক) সংশ্লিষ্ট জোনাল কার্যালয় কর্তৃক প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। একইভাবে বর্ণিত সংযোজনী মোতাবেক বিবরণী এনজিওসমূহ রাকাব, প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। জোনাল কার্যালয়সমূহ/এনজিওদের নিকট হতে প্রাপ্ত তালিকা উক্ত মাসের ১৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয় কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

৩৫। **আইনগত ব্যবস্থা গ্রহণ ঃ**

ঋণ আদায়ের সকল প্রক্রিয়া প্রয়োগ করা সত্ত্বেও কোন ঋণগ্রহীতার নিকট থেকে ঋণের অর্থ আদায় করা সম্ভব না হলে ব্যাংকের প্রচলিত নিয়মে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার বিরুদ্ধে প্রযোজ্য আদালতে মামলা দায়ের পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণের এখতিয়ার রাকাব সংরক্ষণ করে।

৩৬। **নীতিমালা সংশোধন/সংযোজন/পরিবর্তন/ব্যাখ্যা/স্পষ্টীকরণ ইত্যাদি ঃ**

(ক) মাঠ পর্যায় হতে এ কর্মসূচীর উপর প্রাপ্ত অভিজ্ঞতা ও সমস্যার নিরীখে প্রয়োজনে নীতিমালা সময়ে সময়ে সংশোধন,পরিবর্তন, সংযোজন, বিয়োজন করা হবে।

(খ) এ নীতিমালায় বর্ণিত কোন বিষয়ে স্পষ্টীকরণ/ব্যাখ্যা/পরিবর্তন/পরিবর্ধন/সংযোজনের প্রয়োজন অনুভূত হলে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করতে হবে।

৩৭। **বিশেষ নির্দেশনা**

(ক) এই নীতিমালার অন্তর্ভূক্ত সকল নির্দেশনা যথাযথভাবে পরিপালন পূর্বক ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে। ইহা একটি নিবিড় তত্ত্বাবধান ভিত্তিক ঋণ কর্মসূচি বিধায়, এই কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত যত্নবান হতে হবে। কোনক্রমেই যেন কোন ঋণ মেয়াদোত্তীর্ণ/শ্রেণীবিন্যাসিত হয়ে না পড়ে সে বিষয়ে সর্বদা সজাগ থাকতে হবে।

(খ) বাংলাদেশ ব্যাংকের আলোচ্যে সার্কুলারের প্রেক্ষিতে এ ব্যাংকের ২০.১১.২০১৪ তারিখের জারীকৃত পরিপত্র নম্বর-০৪/২০১৪ ও তদ্‌সংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটার এতদ্বারা রহিত করা হলো। এতদ্‌সত্ত্বেও রহিতকৃত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের আওতায় গৃহীত সকল কার্যক্রম বৈধ ও যথাযথ হিসেবে বিবেচিত হবে।

এই ঋণ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

১১/১১/২০২২

(মোঃ আব্দুস সালাম)
উপ-মহাব্যবস্থাপক
টেলিফোন ঃ ০২৪৭ ৮৬০৫২৯

প্রকা/ঋওঅবি-২/১১৪/২০২১-২০২২/২৭০(৪৫৪) তারিখ ঃ ১১-১১-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/নিহিআ) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী / রংপুর।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-কে সার্কুলারটি রাকাবের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, প্রধান কার্যালয়, রাজশাহী।

০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।

০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।

০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।

১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে)।

১২। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।

১৩। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

১৪। অফিস নথি/মহানথি।

১১.১১.২০২১

(শাকিল মাহমুদ)
সহকারী মহাব্যবস্থাপক

সংযোজনী-‘ক’

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

..............................শাখা,.................. জোন

আবেদনকারীর সত্যায়িত ছবি

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায়

ঋণ আবেদন ফরম

ঋণ কেইস নম্বর ঃ　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ ঃ

০১.	ঋণ আবেদনকারীর নাম	ঃ	
০২.	পিতার নাম	ঃ	
০৩.	মাতার নাম	ঃ	
০৪.	জন্ম তারিখ ও জন্ম নিবন্ধন নম্বর	ঃ	
০৫.	জাতীয় পরিচয়পত্র নম্বর	ঃ	
০৬.	পেশা	ঃ	
০৭.	শাখায় ১০ টাকার হিসাব নম্বর	ঃ	
০৮.	কৃষক আইডি কার্ড নম্বর (যদি থাকে)		
০৯.	মোবাইল নম্বর (মোবাইল না থাকলে পরিবারের বা ঘনিষ্ঠ কারো নম্বর লিপিবদ্ধ করতে হবে)		
১০.	কৃষিজীবীর ক্ষেত্রে জমির বিবরণ (প্রয়োজনে অতিরিক্ত কাগজে তথ্য লিপিবদ্ধ করা যাবে)	ঃ	

নিজ মালিকানাধীন জমি

মৌজা	খতিয়ান নং		দাগ নং		জমির পরিমাণ
	সাবেক	হাল	সাবেক	হাল	

বর্গা জমির পরিমাণ (প্রযোজ্য ক্ষেত্রে)

মৌজা	খতিয়ান নং		দাগ নং		জমির পরিমাণ
	সাবেক	হাল	সাবেক	হাল	

১০.	বর্গাচাষীর ক্ষেত্রে বর্গা প্রদানকারীর নাম ও ঠিকানা	ঃ	
১১.	বর্গাচাষীর প্রত্যায়ন প্রদানকারীর নাম ও ঠিকানা	ঃ	
১৩.		ঃ	
১৪.	প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীর ক্ষেত্রে ব্যবসার সংক্ষিপ্ত বর্ণনা	ঃ	(ক) ব্যবসার ধরণ: (খ) ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা: (গ) ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে): (ঘ) সংশ্লিষ্ট ব্যবসায় অভিজ্ঞতা:
১৫.	আবেদনকৃত ঋণের পরিমাণ	ঃ	
১৬.	ব্যাংক শাখায় ঋণের তথ্য (শাখায় ঋণ থাকলে)	ঃ	

খাত	গ্রহণের তারিখ	পরিমাণ	দেয় তারিখ	বর্তমান অবস্থা

১৭.	অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের তথ্য (ঋণ থাকলে)	ঃ	

খাত	গ্রহণের তারিখ	পরিমাণ	দেয় তারিখ	বর্তমান অবস্থা

১৮.	বাংলাদেশ ব্যাংকের কোন পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ইতোপূর্বে ঋণ সুবিধা গ্রহণের তথ্য	ঃ	
১৯.	সরকারের সুদ ক্ষতিপূরণ সুবিধার আওতায় রেয়াতি সুদে ঋণ সুবিধা গ্রহণের তথ্য	ঃ	
২০.	সরকারী প্রকল্পসমূহের আওতায় ভর্তুকী/রেয়াতি সুদে কোন ব্যাংক হতে ঋণ সুবিধা গ্রহণের তথ্য	ঃ	
২১.	গ্রুপ সদস্যদের পূর্ণ তালিকা (গ্রুপ ঋণের ক্ষেত্রে প্রযোজ্য)	ঃ	পৃথক কাগজে লিপিবদ্ধ করে সংযুক্ত করতে হবে।
২২.	গ্রুপ প্রধানের নাম, ঠিকানা ও স্বাক্ষর (গ্রুপ ঋণের ক্ষেত্রে প্রযোজ্য)	ঃ	নাম: পিতার নাম: মাতার নাম: ঠিকানা: পেশা: জাতীয় পরিচয়পত্র নম্বর: স্বাক্ষর:

২৩.	সনাক্তকারীর নাম, ঠিকানা ও স্বাক্ষর		নামঃ পিতার নামঃ মাতার নামঃ ঠিকানাঃ পেশাঃ জাতীয় পরিচয়পত্র নম্বরঃ স্বাক্ষরঃ
২৪.	ব্যক্তিগত নিশ্চয়তা (Personal Guarantee) প্রদানকারীর নাম, ঠিকানা ও স্বাক্ষর		নামঃ পিতার নামঃ মাতার নামঃ ঠিকানাঃ পেশাঃ জাতীয় পরিচয়পত্র নম্বরঃ স্বাক্ষরঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরোক্ত সকল তথ্য সঠিক ও নির্ভুল। আমি কোন তথ্য গোপন/ভুল তথ্য উপস্থাপন করিনি। এই ক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে ব্যাংক কর্তৃপক্ষ এই আবেদনপত্র বাতিলের এখতিয়ার সংরক্ষণ করেন। এছাড়া এই স্কিমের সকল নিয়মনীতি যথাযথভাবে পরিপালন করে আমি ঋণ গ্রহণে আগ্রহী।

(আবেদনকারীর নাম ও স্বাক্ষর)

-ব্যাংক শাখা কর্তৃক পূরণীয়-

০১. মাঠ কর্মকর্তা/ কর্মচারীর মূল্যায়ন, মন্তব্য ও সুপারিশ ঃ

০২. দ্বিতীয় কর্মকর্তার পর্যবেক্ষণ, মন্তব্য ও সুপারিশ ঃ

০৩. শাখা ব্যবস্থাপকের মন্তব্য ও মঞ্জুরি ঃ

সংযোজনী-'খ'
(ব্যাংকের জন্য প্রযোজ্য)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

শাখার নাম ঃ......................................

জোনের নাম ঃ....................................

পুনঃঅর্থায়নের জন্য শাখা কর্তৃক সরাসরি বিতরণকৃত ঋণের বিবরণী (---------- মাস, ২০--------)

ক্রমিক নং	ঋণ গ্রহীতার নাম ও মোবাইল নম্বর		ঠিকানা			বিতরণের তারিখ	বিতরণকৃত ঋণের পরিমাণ	ঋণের মেয়াদ (কিস্তির সংখ্যা ও পরিমাণ)		গ্রাহক পর্যায়ে সুদের হার	ঋণ প্রদানের খাত/ উদ্দেশ্য
	নাম	মোবাইল নম্বর	গ্রাম ও ইউনিয়ন/ পৌরসভা /ওয়ার্ড	উপজেলা/থানা	জেলা			মাস	কিস্তির পরিমাণ		

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/২য় কর্মকর্তা
(নামীয় সিলসহ স্বাক্ষর)

শাখা ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপক
(নামীয় সিলসহ স্বাক্ষর)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সংযোজনী-'গ'
(লিংকেজ প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য)

পুনঃঅর্থায়নের জন্য ব্যাংক- এমএফআই লিংকেজের মাধ্যমে বিতরণকৃত ঋণের বিবরণী (---------- মাস, ২০----------)

ব্যাংকের নাম ঃ ....
ব্যাংক শাখার নাম ঃ ....
লিংকেজ প্রতিষ্ঠানের নাম ঃ ....
ব্যাংক কর্তৃক অর্থায়নের তারিখ ঃ ....
ব্যাংক কর্তৃক লিংকেজ প্রতিষ্ঠানকে প্রদত্ত ঋণের সুদের হার ঃ ....

ক্রমিক নং	ঋণ গ্রহীতার নাম ও মোবাইল নম্বর		ঠিকানা			বিতরণের তারিখ	বিতরণকৃত ঋণের পরিমাণ	ঋণের মেয়াদ (কিস্তির সংখ্যা ও পরিমাণ)		গ্রাহক পর্যায়ে সুদের হার	ঋণ প্রদানের খাত/ উদ্দেশ্য
	নাম	মোবাইল নম্বর	গ্রাম ও ইউনিয়ন/ পৌরসভা /ওয়ার্ড	উপজেলা/থানা	জেলা			মাস	কিস্তির পরিমাণ		

প্রস্তুতকারীর স্বাক্ষর
(নামীয় সিলসহ স্বাক্ষর)

শাখা/জোনাল/আঞ্চলিক ব্যবস্থাপক
(নামীয় সিলসহ স্বাক্ষর)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সংযোজনী-'ঘ'
(ব্যাংক ও লিংকেজ প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য)

শাখা/লিংকেজ প্রতিষ্ঠানের নাম ঃ................
জোনের নাম ঃ....................................

ভর্তুকী দাবীর বিবরণী (---------- ত্রৈমাসিক, ২০------------)

ব্যাংক কর্তৃক অর্থায়নের তারিখ ঃ ....
ব্যাংক কর্তৃক লিংকেজ প্রতিষ্ঠানকে প্রদত্ত ঋণের ক্ষেত্রে সুদের হার ঃ ....

ক্রমিক নং	ঋণ গ্রহীতার নাম ও মোবাইল নম্বর		ঠিকানা			বিতরণের তারিখ	বিতরণকৃত ঋণের পরিমাণ	ঋণের মেয়াদ (কিস্তির সংখ্যা ও পরিমাণ)		সুদসহ সমুদয় আসল আদায়ের তারিখ	গ্রাহক পর্যায়ে সুদের হার	ঋণ প্রদানের খাত/উদ্দেশ্যে
	নাম	মোবাইল নম্বর	গ্রাম ও ইউনিয়ন/ পৌরসভা /ওয়ার্ড	উপজেলা/ থানা	জেলা			মাস	কিস্তির পরিমাণ			

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/২য় কর্মকর্তা
(নামীয় সিলসহ স্বাক্ষর)

শাখা ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপক
(নামীয় সিলসহ স্বাক্ষর)

সংযোজনী-'ঙ'
(ব্যাংক ও লিংকেজ প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

শাখা/লিংকেজ প্রতিষ্ঠানের নাম ঃ.................
জোনের নাম ঃ.....................................

বিতরণকৃত অনাদায়ী ঋণের বিবরণী (----------ত্রৈমাসিক, ২০-----)

ক্রমিক নং	ঋণ গ্রহীতার নাম ও মোবাইল নম্বর		ঠিকানা			বিতরণের তারিখ	বিতরণকৃত ঋণের পরিমাণ	লিংকেজ এমএফআই (যদি থাকে) এর নাম ও ঠিকানা	লিংকেজ এমএফআই (যদি থাকে) এরক্ষেত্রে সুদের হার	ঋণের মেয়াদ (কিস্তি সংখ্যা ও পরিমাণ)		অনাদায়ী কিস্তির সংখ্যা	অনাদায়ী কিস্তির পরিমাণ (সুদাসল)	বিতরণকারী শাখার নাম ও ঠিকানা
	নাম	মোবাইল নম্বর	গ্রাম ও ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড	উপজেলা/থানা	জেলা					মাস	কিস্তির পরিমাণ			

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/২য় কর্মকর্তা
(নামীয় সিলসহ স্বাক্ষর)

শাখা ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপক
(নামীয় সিলসহ স্বাক্ষর)

সংযোজনী- 'চ'
(ব্যাংকের জন্য প্রযোজ্য)

গ্রুপ নেতার গ্যারান্টিপত্র (Group Leader's Guarantee)

আমি নিম্নস্বাক্ষরকারী রাজশাহী কৃষি উন্নয়ন (রাকাব)-এর আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পূনঃঅর্থায়ন স্কিম এর আওতায় রাকাব, ... শাখার অধীন গঠিত .... দলের দলনেতা। আমি উক্ত শাখার কার্যএলাকার আওতাধীন গ্রাম......................................., ডাকঘর................................, ইউনিয়ন.., উপজেলা................................, জেলা................................ এর স্থায়ী বাসিন্দা। আমি পৃথকভাবে অঙ্গীকার করছি যে, আমাদের দলের সদস্য/দলনেতা/কোষাধ্যক্ষ জনাব.. কর্তৃক রাকাব................................. শাখা হতে ঋণ হিসেবে গৃহীত টাঃ............................ (টাকা...) মাত্র ঋণ গ্রহণের তারিখ থেকে বার্ষিক........% সুদসহ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করবে। জনাব....................................... ঋণের অর্থ যথাসময়ে পরিশোধ না করলে বা পরিশোধ করতে অপারগ হলে আমি নিম্নস্বাক্ষরকারী তার নিকট ব্যাংকের পাওনা বাবদ সমুদয় অর্থ সুদসহ পরিশোধ করতে বাধ্য থাকবো। অন্যথায় আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। এতদবিষয়ে আমার কোনরূপ ওজর আপত্তি আদালতে গ্রহণযোগ্য হবে না।

১। স্বাক্ষর...

নাম...

দলনেতা .... দল

ইউনিয়ন............................উপজেলা.........................

জেলা...

স্বাক্ষীগণ ঃ

১। স্বাক্ষর..

নাম..

ঠিকানা..

২। স্বাক্ষর..

নাম..

ঠিকানা..

সংযোজনী- 'ছ'
(ব্যাংকের জন্য প্রযোজ্য)

যৌথ অঙ্গীকারনামা/গ্যারান্টি

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ রাজশাহী কৃষি উন্নয়ন (রাকাব)-এর আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পূনঃঅর্থায়ন স্কিম এর আওতায়.. দলের সদস্য। আমরা, রাকাব............................ শাখার কার্যএলাকার আওতাধীন গ্রাম.........................., ডাকঘর.........................., ইউনিয়ন................................, উপজেলা..................., জেলা................. এর স্থায়ী অধিবাসী। আমরা, যৌথ ও পৃথকভাবে অঙ্গীকার করছি যে, আমাদের দলের দলনেতা/কোষাধ্যক্ষ/সদস্য জনাব.. রাকাব................................. শাখা হতে ঋণ হিসেবে গৃহীত ....টাকা (কথায়... মাত্র) ঋণ গ্রহণের তারিখ থেকে বার্ষিক.....% সুদসহ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করবে। জনাব... ঋণের অর্থ যথাসময়ে পরিশোধ না করলে বা পরিশোধ করতে অপরাগ হলে আমরা নিম্নস্বাক্ষরকারীগণ তার নিকট ব্যাংকের পাওনা বাবদ সুদসহ সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবো। অন্যথায়, আমাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। এতদবিষয়ে আমাদের কোনরূপ ওজর আপত্তি কোন আদালতে গ্রহণযোগ্য হবে না।

দলের সদস্যগণের (নাম ও স্বাক্ষর)

ক্র ঃ নং	নাম	স্বাক্ষর
০১.		
০২.		
০৩.		
০৪.		
০৫.		
০৬.		
০৭.		
০৮.		
০৯.		

স্বাক্ষীগণ ঃ

১। স্বাক্ষর...

নাম...

ঠিকানা...

২। স্বাক্ষর...

নাম...

ঠিকানা...

সংযোজনী- 'জ'
(ব্যাংকের জন্য প্রযোজ্য)

ব্যক্তিগত গ্যারান্টি (Personal Guarantee)

আমি নিম্নস্বাক্ষরকারী রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব), ... শাখার কার্যএলাকার আওতাধীন গ্রাম.........................,ডাকঘর........................,ইউনিয়ন..........................., উপজেলা........................., জেলা........................... এর স্থায়ী বাসিন্দা। আমি এই মর্মে ব্যক্তিগত গ্যারান্টি (Personal Guarantee) প্রদান করছি যে, আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পূনঃঅর্থায়ন স্কিম এর আওতায় রাকাব ....জোনের অধীন .... শাখা হতে জনাব... কর্তৃক ঋণ হিসেবে গৃহীত টাঃ............................ (টাকা...) মাত্র ঋণ গ্রহণের তারিখ থেকে বার্ষিক.........% সুদসহ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করবে। জনাব....................................... ঋণের অর্থ যথাসময়ে পরিশোধ না করলে বা পরিশোধ করতে অপারগ হলে আমি নিম্নস্বাক্ষরকারী তার নিকট ব্যাংকের পাওনা বাবদ সমুদয় অর্থ সুদসহ পরিশোধ করতে বাধ্য থাকবো। অন্যথায় আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। এতদবিষয়ে আমার কোনরূপ ওজর আপত্তি আদালতে গ্রহণযোগ্য হবে না।

স্বাক্ষর..

নাম..

পিতার নাম...

মাতার নাম...

গ্রাম/মহল্লা ....

ইউনিয়ন/ওয়ার্ড..

উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশন..

জেলা..

ল্যান্ড/সেল ফোন নম্বর...

স্বাক্ষীগণ ঃ

১। স্বাক্ষর...

নাম...

পিতার নাম..

মাতার নাম..

ঠিকানা...

২। স্বাক্ষর...

নাম...

পিতার নাম..

মাতার নাম..

ঠিকানা...

সংযোজনী- 'ঋ'
(ব্যাংকের জন্য প্রযোজ্য)

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পূনঃঅর্থায়ন স্কিম বিষয়ক রেজিষ্টার

দলের নাম ঃ	মোট সদস্য সংখ্যা ঃ
গ্রাম ঃ	ডাকঘর ঃ
ইউনিয়ন ঃ	উপজেলা ঃ
জেলা ঃ	

ক্রঃ নং	ঋণগ্রহীতার নাম	খাতের নাম	ঋণের পরিমাণ	ঋণ প্রদানের তারিখ	ডিউ ডেট	ঋণগ্রহীতার স্বাক্ষর	দলনেতার স্বাক্ষর	সংশ্লিষ্ট মাঠ কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

সংযোজনী- 'ঞ'
(ব্যাংকের জন্য প্রযোজ্য)

"১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পূনঃঅর্থায়ন স্কিম" এর ত্রৈমাসিক অগ্রগতি প্রতেবেদন

ব্যাংকের নাম:

সময়কাল: মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর, ২০....

১. স্বনির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা:.............................লক্ষ টাকা।

২. হালনাগাদ তথ্যাদি:

ক্রমিক নং	ঋণ গ্রহীতা	চলতি ত্রৈমাসিকে ঋণ বিতরণ			চলতি বছরের শুরু হতে মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর ত্রৈমাসিক পর্যন্ত পুঞ্জিভূত ঋণ			স্কিমের আওতায় রিপোর্টিং ত্রৈমাসিক পর্যন্ত মোট বিতরণকৃত পুঞ্জিভূত ঋণ			স্কিমের আওতায় রিপোর্টিং ত্রৈমাসিক পর্যন্ত ঋণের স্থিতি (গ্রাহক পর্যায়ে)
		পরিমাণ (লক্ষ টাকা)	গ্রাহকের সংখ্যা		পরিমাণ (লক্ষ টাকা)	গ্রাহকের সংখ্যা		পরিমাণ (লক্ষ টাকা)	গ্রাহকের সংখ্যা		পরিমাণ (লক্ষ টাকা)
			পুরুষ	মহিলা		পুরুষ	মহিলা		পুরুষ	মহিলা	
১	কৃষক										
২	নিম্ন আয়ের পেশাজীবী										
৩	ক্ষুদ্র উদ্যোক্তা (আয় উৎসারী কর্মকান্ড)										
৪	স্কুল ব্যাংকিং হিসাবধারী (প্রশিক্ষণ)										
৫	স্কুল ব্যাংকিং হিসাবধারী (শিক্ষা উপকরণ)										
৬	স্কুল ব্যাংকিং হিসাবধারী (আয়-উৎসারী কর্মকান্ড)										
৭	অন্যান্য										
	সর্বমোট-										

৪. লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত পদক্ষেপসমূহ:

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষর:
নাম:
পদবী:
মোবাইল:
ই-মেইল:

আর্থিক অর্ন্তভূক্তি সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তার স্বাক্ষর:
নাম:
পদবী:
মোবাইল:
ই-মেইল: